

গণিতে বিশ্বসেরা বাংলাদেশের ৫ শিক্ষার্থী

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

ক্যাম্পিজ পাঠ্যক্রমভিত্তিক ইন্টারন্যাশনাল জেনারেল সার্টিফিকেট

অব সেকেন্ডারি এডুকেশন (আইজিসিএসই) পরীক্ষায় এ বছর

বিশ্বসেরা হয়েছেন পাঁচ বাংলাদেশি শিক্ষার্থী। তারা গণিতে শতভাগ

নম্বর অর্জন করেছেন।

শতভাগ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন ফাইয়াজ সিদ্দিকী, অহনা

সাহা, মোহাম্মদ মোহায়মিন উদ্দিন নাইব, বুশরা রূবানা আফরোজ

ও সম্মত অম্বর। কৃতী এ পাঁচ শিক্ষার্থীর সবাই উত্তরার গ্লেনরিচ

ইন্টারন্যাশনাল স্কুলে অধ্যয়নরত।

ফাইয়াজ ও অহনা যথাক্রমে ৯৬ শতাংশ ও ৯৫ দশমিক ৬ শতাংশ

নম্বর পেয়ে ‘স্কুল টপার’ হয়েছেন। পাশাপাশি অহনা সম্মানজনক

‘ক্যাম্পিজ আইসিই অ্যাওয়ার্ড উইথ ডিস্টিংশন’ অর্জন করেছেন।

গত ১৯ আগস্ট এ পরীক্ষায় অংশ নেন শিক্ষার্থীরা। সম্প্রতি এ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়।

আইজিসিএসই পরীক্ষায় কৃতিত্ব অর্জন ছাড়াও এ বছর একই ব্যাচের সামগ্রিক ফলাফলও অত্যন্ত প্রশংসনীয়। গ্লেনরিচ উত্তরা থেকে আইজিসিএসই পরীক্ষায় অংশগ্রহণকারী ২০০ জন শিক্ষার্থীর মধ্যে ৪১ জন শিক্ষার্থী ৯০ শতাংশ বা তারও বেশি নম্বর পেয়েছেন। তাদের মধ্যে ৯৯ জন ৮০ শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছেন। স্কুলটির সামগ্রিক গড় ফলাফল ৮০ দশমিক ৩ শতাংশ।

গ্লেনরিচ ইন্টারন্যাশনাল স্কুল বাংলাদেশের অধ্যক্ষ অম্লান কে সাহা বলেন, এ ফলাফলকে কেবল নম্বরের সংখ্যা দিয়ে বিচার করা যাবে না। এটি আমাদের মানসম্পন্ন শিক্ষাব্যবস্থার সাফল্যের প্রতিফলন। আমরা এ সাফল্য উদ্যাপনের পাশাপাশি ভবিষ্যতেও একাডেমিক উৎকর্ষ ধরে রাখার ও শিক্ষার্থীদের শেখার সর্বোত্তম পরিবেশ ও উপকরণ নিশ্চিতে প্রয়োজনীয় সব সহযোগিতা দেওয়ার অঙ্গীকার করছি।